



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.২৪.১০৫.১৩-

তারিখ: ০২/০২/২০২০ খ্রি:

মহাপরিচালক

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর।

বিষয়: FAO এর Internationa Treaty on Plant Genetic Resources for Food and Agriculture (ITPGRFA) এর আওতায় Global Plan of Action এর হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র:(১) বিএআরসি'র পত্র নং- ১২.২০.০০০০.০০৪.২৪.১০৫.১৩/১৮১; তারিখ: ২২/০১/২০২০ খ্রি:

(২) বিএআরসি'র পত্র নং-১২.২০.০০০০.০০৪.২৫.০০২.৮৮/২৫১৯; তারিখ: ২২/১১/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতিসংঘের টেকসই উন্নয়ন অভিষ্ট ২.৫.১ অনুসারে উদ্ভিদ কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনা অতীব জরুরী। বাংলাদেশ CBD এর স্বাক্ষরকারী দেশ হিসেবে ITPGRFA এর আওতায় উদ্ভিদ কৌলিসম্পদের তথ্যাবলী/ডাটা FAO এর প্রদত্ত ছক অনুযায়ী ডিসেম্বর, ২০১৫ সাল পর্যন্ত তথ্য প্রদান করা হয়। উল্লেখ্য, এ বিষয়ে পূর্বের প্রদত্ত ছকে পরিবর্তন আনা হয়েছে এবং পরিবর্তিত ছক অনুযায়ী ডাটা হালনাগাদকরণের জন্য FAO হতে জানানো হয়। ইতোমধ্যে বিএআরসি কর্তৃক পরিবর্তিত ছক এবং স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক ২০১৫ সাল পর্যন্ত প্রদত্ত তথ্যাদি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে গত ১৯-২০ ডিসেম্বর, ২০১৯ তারিখে বিএআরসি'তে ফোকাল পয়েন্টদের উপস্থিতিতে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যাদি ১৬ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে স্টেকহোল্ডার কর্তৃক বিএআরসিতে প্রেরণের সিদ্ধান্ত হয়। উক্ত তারিখের মধ্যে বারি কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী তথ্যাদি প্রেরণ করা হয়নি। পরবর্তীতে ১ নং সূত্রস্থ পত্র মোতাবেক তথ্যাদি ২৯ জানুয়ারী ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। জাতিসংঘের টেকসই উন্নয়ন অভিষ্ট ২.৫.১ রিপোর্ট তৈরির লক্ষ্যে নির্ধারিত ছকে তথ্যাদি প্রেরণের জন্য FAO-হতে তাগিদ পত্র প্রেরণ করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভিদ কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনা বিষয়ক তথ্যাদি FAO-তে প্রেরণ করা না হলে SDG indicator 2.5.1 Report-এ বাংলাদেশের তথ্যাদি অন্তর্ভুক্ত হবে না, ফলে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে।

এমতাবস্থায়, প্রেরিত ছক অনুযায়ী হালনাগাদ তথ্যাদি আবশ্যিকভাবে (ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত) জরুরীভিত্তিতে আগামী ০৪ ফেব্রুয়ারী ২০২০ তারিখের মধ্যে শস্য বিভাগ, বিএআরসি'তে প্রেরণের অনুরোধ করা হলো (zilani71@gmail.com, masalamsso@yahoo.com)।

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)

নির্বাহী চেয়ারম্যান

ফোন: ৯১৩৫৫৮৭

ই-মেইল: ec-barc@barc.gov.bd